গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩১.২০১৪-৮২০ তারিখঃ ১১.০৬.২০১৫

## আদেশ

যেহেতু, ডাঃ মোঃ বদিউল আলম (৩৯৪০৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০১.০৭.২০১২ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ০২.১২.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩১.২০১-২২০নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৮.১২.২০১৪ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ বদিউল আলম (৩৯৪০৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতের জন্য সতর্কতার সাথে দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তাঁর গত ০১.০৭.২০১১ হতে ৩০.০৬.২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি এবং ০১.০৭.২০১২ তারিখ হতে ২৮.০৪.২০১৪ তারিখ পর্যন্ত সময়কে প্রাপ্যতা সাপেক্ষে অর্জিত ছুটি মঞ্জুর করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩১.২০১৪-৮২০/১(৮) তারিখঃ ১১.০৬.২০১৫

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপ-সচিব (পার-৩/পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। ডাঃ মোঃ বদিউল আলম (৩৯৪০৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১১/০৬/২০১৫
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-14-15)\Order (NI)\Realease from Charge doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫০.২০১৪- ৬০৭ তারিখঃ ০৭.০৬.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ আফসানা রওশন (৩৯৯৭৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নকলা, শেরপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

## অভিযোগনামা

যেহেতু, সিভিল সার্জন, শেরপুর গত ২৪.০৯.২০১৪ তারিখে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নকলা, শেরপুর পরিদর্শনকালে আপনি ডাঃ আফসানা রওশন (৩৯৯৭৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নকলা, শেরপুরকে ১৫.০৯.২০১৪ হতে ২৪.০৯.২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত পান;

যেহেতু, আপনি সপ্তাহে ০১(এক) দিন কর্মস্থলে উপস্থিত হয়ে অনুপস্থিতির দিনে স্বাক্ষর করেন এবং উক্ত অনুপস্থিতির কারণে আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও আপনি অনুপস্থিতির বিষয়ে সন্তোষজনক জবাব দাখিল করেননি;

যেহেতু, আপনার উপরোল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

০৭/০৬/১৫
(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

ডাঃ আফসানা রওশন (৩৯৯৭৮)
জুনিয়র কনসালটেন্ট (গাইনী)
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নকলা, শেরপুর
(যোগাযোগ ঠিকানাঃ- ৩০৬/২৬, আমিরাবাদ আবাসিক এলাকা, মাসকান্দা, ময়মনসিংহ)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫০.২০১৪- ৬০৭/১(৬) তারিখঃ০৭.০৬.২০১৫ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)।
৩। উপ-পরিচালক (শৃংখলা) (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সিভিল সার্জন, শেরপুর (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

০৭/০৬/২০১৫
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

সিভিল সার্জন, শেরপুর গত ২৪.০৯.২০১৪ তারিখে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নকলা, শেরপুর পরিদর্শনকালে আপনি ডাঃ আফসানা রওশন (৩৯৯৭৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নকলা, শেরপুরকে ১৫.০৯.২০১৪ হতে ২৪.০৯.২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত পান। আপনি সপ্তাহে ০১(এক) দিন কর্মস্থলে উপস্থিত হয়ে অনুপস্থিতির দিনের স্বাক্ষর করেন এবং উক্ত অনুপস্থিতির কারণে আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও আপনি অনুপস্থিতির বিষয়ে সন্তোষজনক জবাব দাখিল করেননি। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' হিসেবে গণ্য। আপনি আপনার উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

০৭/১২/১৬

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৩- ৮০৮ তারিখঃ ০৪.০৬.২০১৫ খ্রিস্টাব্দ

**আদেশ**

যেহেতু, ডাঃ আবুল হাসনাত মোঃ ওয়াহিদুল হক (৪২১০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর ও সংযুক্ত- সহকারী অধ্যাপক, রেডিওলজি এন্ড ইমেজিং, কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার গত ২০.১২.২০১২ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ১১.০৩.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৩-২২০নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। এবং তদন্তকারী কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিশ্বস্বাস্থ্য-১ অধিশাখার ১৫.১১.২০১২ তারিখের Who-1/D-24/2011/624নং স্মারকে তাঁকে ০১.০১.২০১৩ হতে ৩১.১২.২০১৫ তারিখ পর্যন্ত বৈদেশিক প্রেষণ মঞ্জুর করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ আবুল হাসনাত মোঃ ওয়াহিদুল হক (৪২১০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর ও সংযুক্ত- সহকারী অধ্যাপক, রেডিওলজি এন্ড ইমেজিং, কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

০৪/০৬/২০১৫

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৩- ৮০৮/১(৮) তারিখঃ ০৪.০৬.২০১৫ খ্রিস্টাব্দ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ**

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। অধ্যক্ষ, কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার।
৪। উপ-সচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। ডাঃ আবুল হাসনাত মোঃ ওয়াহিদুল হক (৪২১০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর ও সংযুক্ত- সহকারী অধ্যাপক, রেডিওলজি এন্ড ইমেজিং, কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার।

০৪/০৬/২০১৫

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-14-15)\Order (NI)\Realease from Charge.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ স রকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১৫- ২৭৮ তারিখঃ ২৫.০৫.২০১৫ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু, ডাঃ মুহাম্মদ জাকির হোসেন ভুইয়া (১১১৩৬৮), জুনিয়র কনসালটেন্ট (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চাটখিল, নোয়াখালী চাটখিল থানা পুলিশ গত ২৩.০১.২০১৫ তারিখে গ্রেফতার হন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মুহাম্মদ জাকির হোসেন ভুইয়া (১১১৩৬৮), জুনিয়র কনসালটেন্ট (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চাটখিল, নোয়াখালীকে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ২৩.০১.২০১৫ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

২৪/৫/১৫
(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১৫- ২৭৮/১(৯) তারিখঃ ২৫.০৫.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
৩। উপ-সচিব (পার-২/পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
৫। সিভিল সার্জন, নোয়াখালী।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী।
৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী।
৯। ডা. মুহাম্মদ জাকির হোসেন ভুইয়া (১১১৩৬৮), জুনিয়র কনস. সার্জারী

২৫/০৫/২০১৫
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document\Current\14-15\Order (N) Provisional dismissal.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ স রকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৫- 296 তারিখঃ 26 .০৫.২০১৫ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু, ডাঃ মোঃ ফজলুর রহমান (৩৭২৮২), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর দক্ষিণ, কুমিল্লা কোতয়ালী মডেল থানার মামলা নং-১১৩, তারিখঃ- ২৮.০১.২০১৫ এর বিপরীতে গোয়েন্দা পুলিশ কর্তৃক গত ২৮.০১.২০১৫ তারিখে গ্রেফতার হন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মোঃ ফজলুর রহমান (৩৭২৮২), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর দক্ষিণ, কুমিল্লাকে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ২৮.০১.২০১৫ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

২৪/০৫/১৫

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৫- 296/1(8) তারিখঃ 26.০৫.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
৩। উপ-সচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
৫। সিভিল সার্জন, কুমিল্লা।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।
৮। ডাঃ মোঃ ফজলুর রহমান (৩৭২৮২), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর দক্ষিণ, কুমিল্লা।

২৬/০৫/২০১৫

(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd